

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

[কাস্টমস্]

প্রজ্ঞাপন

তারিখ: ৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২০ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-২০৩-আইন/২০১৭/৪৮/কাস্টমস্।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 13 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর দফা (ঘ) এর প্রাস্তুত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দুইটি নূতন দফা যথাক্রমে (ঙ) এবং (চ) সংযোজিত হইবে, যথা:—

“(ঙ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর—

(অ) দফা (ক) তে উল্লিখিত রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা এবং দফা (খ) তে উল্লিখিত অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিট; এবং

(৭২৫১)

মূল্য ৪ টাকা ৪.০০

(অ) দফা (ক) তে উল্লিখিত বাণিজ্যিক এলাকায় স্থাপিত ওয়্যারহাউস বা সেবা সরবরাহকারী শিল্প ইউনিট, যাহারা বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য বা সেবা অর্থনৈতিক অঞ্চলের রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা বা অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিটে প্রক্রিয়াকরণার্থে বৈদেশিক মুদ্রায় সরবরাহ করে বা দেশের বাহিরে বৈদেশিক মুদ্রায় রপ্তানি করে; এবং

(চ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে স্থাপিত শিল্প ইউনিট।”;

২। পরিশিষ্ট-০১ এর ‘অধ্যায় এ: ম্যানুফ্যাকচারিং ইউনিট এবং কর্পোরেট অফিস সংক্রান্ত তথ্য’ অংশে বর্ণিত ক্রমিক নং ৬ডি এবং উহার বিপরীতে উল্লিখিত বিবরণের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৬ডি এবং বিবরণ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৬ ডি. বন্ডের ধরন:	সরাসরি রপ্তানিমুখী বন্ড	প্রাচছন্ন রপ্তানিমুখী বন্ড	যুগপৎ প্রাচছন্ন এবং সরাসরি রপ্তানিমুখী বন্ড।
	সুপারভাইজড বন্ড	হোম-কনজাম্পশন বন্ড	প্রিভিলেজড বন্ড (ডিপ্লোমেটিক/ডিউটি ফ্রি/ডিউটি পেইড)।
	এক্সপোর্ট প্রোসেসিং জোন	হাই-টেক পার্ক শিল্প ইউনিট	অর্থনৈতিক অঞ্চলের রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা এবং অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিট।
অর্থনৈতিক অঞ্চলে বাণিজ্যিক এলাকায় স্থাপিত ওয়্যারহাউস বা সেবা সরবরাহকারী শিল্প ইউনিট, যাহারা বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য বা সেবা অর্থনৈতিক অঞ্চলের রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা বা অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিটে প্রক্রিয়াকরণার্থে বৈদেশিক মুদ্রায় সরবরাহ করে বা দেশের বাহিরে বৈদেশিক মুদ্রায় রপ্তানি করে।			

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান।

মোঃ মজিবুর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd